গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০৩২.১৭.৪১৮ তারিখঃ ১১ চৈত্র ১৪২৭ / ২৫ মার্চ ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী

সূত্র: স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০.১১৬, তারিখ: ২১ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণীতে উল্লিখিত সংশ্লিষ্ট সিদ্ধান্ত/কর্মসূচির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০৩ (তিন) পাতা।

স্বাঃ
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৩৭
ইমেইলঃ admin1@ssd.gov.bd

বিতরণ:
১. অতিরিক্ত সচিব, ----------------(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা
৪. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৬. যুগ্মসচিব -------------------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭. উপসচিব -------------------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮. সিনিয়র সহকারী সচিব --------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৯. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. সহ: সচিব/সহ: প্রোগ্রামার/সহ: মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার------------------ (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০৩২.১৭.৪১৮ তারিখঃ ১১ চৈত্র ১৪২৭ / ২৫ মার্চ ২০২১

অনুলিপি:
সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(মোঃ আবদুল কাদির)
উপসচিব

D:\Admin-1\Forwarding.doc

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)
উপসচিব/সিঃসহঃ সচিব/সহঃ সচিব (প্রশাসন-১/২ ৩) (বাজেট-১/ ২) মিশন শাখা-১/২)
নং- ৫১৪ ২৫/৩/২১ স্বাক্ষর : তারিখ :

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
ইস্যু নম্বর : ৪৭৫
তারিখ : ২৬/৩/২১

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) | ☐ জরুরি উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (অগ্নি) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (কারা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য) | |
| অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সিনিয়র সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আ, ক, ম মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৪-০৩-২০২১, বিকাল ০৪-০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব তপন কান্তি ঘোষ জানান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযথ মর্যাদার সঙ্গে পালনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। তিনি মন্ত্রিসভার মাননীয় সদস্যবৃন্দ, সম্মানিত সিনিয়র সচিব, সচিববৃন্দ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং সরাসরি উপস্থিত মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় ও স্বনামধন্য রবীন্দ্র সংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যাকে শুভেচ্ছা জানান। তিনি সরাসরি ও ভার্চুয়ালি যোগদানকৃত সবার প্রতি কৃতজ্ঞা জানান যে, অত্যন্ত স্বল্প সময়ের নোটিশে আজকের এ সভাটি আহবান করতে হয়েছে। কারন সময় খুবই কম। তিনি জানান থিমসং এখনো চূড়ান্ত হয়নি। আশা করা যাচ্ছে আজকের সভায় চূড়ান্ত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রেরণ করা যাবে। এ পর্যায়ে তিনি বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান এবং সিদ্ধান্তসমূহের অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন।

২.০. এ পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব তপন কান্তি ঘোষ বর্ণিত সিদ্ধান্তসমূহের অগ্রগতির বিষয়ে জানান 'লোগো' নির্বাচন উপকমিটির নিকট হতে প্রাপ্ত লোগো মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সারসংক্ষেপ আকারে প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী ইতোমধ্যেই লোগো চূড়ান্তভাবে নির্বাচন করেছেন। তিনি জানান পূর্বের কার্যবিবরণীর ২নং সিদ্ধান্ত ছিলো ২৬শে মার্চের পূর্বেই স্বাধীনতা সড়কের নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয় এ সিদ্ধান্তের অগ্রগতি হিসেবে জানান যে, গত ১৪ জানুয়ারি মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয় এবং মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহোদয় স্বাধীনতা সড়ক পরিদর্শণ করেছেন এবং ২৬শে মার্চের আগে স্বাধীনতা সড়কটির কার্যক্রম শেষ করার প্রাথমিকভাবে নির্দেশনা দিয়েছেন। প্রায় সব কাজই সম্পন্ন হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও তিনি জানান আগামী ২৬ মার্চের মধ্যে এর সমস্ত কাজ উদ্বোধনের জন্য প্রস্তুত হয়ে যাবে।

২.১. এ পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব সভাকে অবহিত করেন যে, প্রাথমিকভাবে 'থিমসং' নির্বাচনের জন্য উপকমিটিতে জনাব মোহাম্মদ হাছান মাহমুদ, মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় আহবায়ক এবং এই উপকমিটির সদস্য ০৫ জন তার মধ্যে স্বনামধন্য রবীন্দ্র সংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা অন্তর্ভুক্ত ছিলেন। তিনি আরও জানান এই উপকমিটি সর্বশেষ ১১/০৩/২০২১ তারিখে সভা করে ০৩টি গানকে প্রাথমিকভাবে চূড়ান্ত করেছেন। সচিব মহোদয় এ পর্যায়ে মাননীয় তথ্য মন্ত্রী মহোদয়কে 'থিমসং' নির্বাচনের বিষয়টি উপস্থাপনের বিনীত অনুরোধ জানান। মাননীয় তথ্য মন্ত্রী মহোদয় জানান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের বছরব্যাপী কর্মসূচিতে পরিবেশনের নিমিত্ত "থিমসং" প্রস্তুত করার লক্ষ্যে Lyrics রচনা করার জন্য ড. কামাল আবদুল নাসের চৌধুরী, কবি মুহম্মদ নুরুল হুদা, কবি নির্মলেন্দু গুন, কবি জাহিদুল হক, জনাব মোহাম্মদ রফিকুজ্জামান, জনাব কবির বকুল, জনাব জুলফিকার রাসেল ও কবি নাসির আহমেদকে অনুরোধ করা হয়। তাছাড়া বিশিষ্ট এবং গুনী সুরকারগণকেও সুরারোপের জন্য অনুরোধ করা হয়। প্রাপ্ত ০৭টি থিমসং এর মধ্য হতে "থিমসং" উপকমিটি কর্তৃক প্রাথমিকভাবে ০৩টি থিমসং বাছাই করা হয় যা মন্ত্রিসভা কমিটির ৩য় সভায় উপস্থাপিত হতে যাচ্ছে। মাননীয় তথ্য মন্ত্রী মহোদয় গান ০৩টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করেন। এ পর্যায়ে বাছাইকৃত ০৩টি থিমসং মন্ত্রিসভা কমিটির ৩য় সভায় উপস্থাপিত হয় (গানের কথা যথাক্রমে জুলফিকার রাসেল, কবি মুহম্মদ নুরুল হুদা ও কবির বকুল কর্তৃক লিখিত)। বিশিষ্ট রবীন্দ্র সংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা সভায় উপস্থিত থেকে তাঁর বিশেষজ্ঞ মতামত প্রদান করেন। সভায় উপস্থাপিত গান ০৩টির বিষয়ে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয় এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ও তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। এছাড়াও মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় সভায় উপস্থাপিত ০৩টি গানের বিষয়ে মূলবান মতামত ব্যক্ত করেন তবে ২য় গানটির বিষয়ে তিনি গানের কথা কিছুটা পরিবর্তন করার নির্দেশনা

অপর পৃষ্ঠা-২ সদয় দ্রষ্টব্য

২২৭
২৫/০৩/২১

২৪-০৩-২০২১

-২৬৮-



পূর্ব পৃষ্ঠা পর-

প্রদান করেন। মাননীয় মন্ত্রী মহোদয়গণের নির্দেশনা অনুযায়ী গানের কথা পরিবর্তনের বিষয়ে কবির কাছে প্রেরণের দায়িত্ব যুগ্মসচিব, অসীম কুমার দে, তথ্য মন্ত্রণালয়কে প্রদান করা হয়। মন্ত্রিসভা কমিটি "থিমসং" উপকমিটি কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত ০৩টি "থিমসং" মাননীয় প্রধানমন্ত্রীর সদয় বিবেচনার লক্ষ্যে প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন। প্রাথমিকভাবে নির্বাচিত ০৩টি "থিমসং" নিম্নে উপস্থাপন করা হলোঃ

০১) জুলফিকার রাসেলের লেখা এবং সাজিদ সরকারের সুর করা প্রথম গানটি- পদ্মা, মেঘনা বুকে নিয়ে একটাই আছে দেশ।
০২) মুহম্মদ নূরুল হুদার লেখা এবং শেখ সাদী খান এর সুর করা দ্বিতীয় গানটি-জাতির পিতার একশ বছর, স্বাধীনতার পঞ্চাশ।
০৩) কবির বকুল এর লেখা এবং সুমন কল্যাণ এর সুর করা তৃতীয় গানটি-পদ্মার ঢেউ আছড়ে পড়ে।

২.২ সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্বাচিত 'লোগো'টি উপস্থাপন করা হয়। 'লোগো' নির্বাচন উপকমিটির আহবায়ক মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় এ বিষয়ে সভাকে অবহিত করেন যে, স্বাধীনতার পঞ্চাশ বছরের ৫০ থাকতে হবে, তর্জনী থাকতে হবে সে হিসেবে লোগোটি নির্বাচিত হয়েছে। তিনি আরো বলেন লোগো ব্যবহারের বিষয়ে একটি ম্যানুয়াল বা নির্দেশিকা তৈরী করতে হবে।

২.৩. এ পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জনাব তপন কান্তি ঘোষ জানান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত কর্মসূচি যাচাই-বাছাই করে কোনটি ঐ মন্ত্রণালয়ের নিজস্ব প্রোগ্রামের আওতায় হবে এবং কোনটি জাতীয় প্রোগ্রামের আওতায় হবে তা যাচাই-বাছাই করে মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপনের নিমিত্ত দ্বিতীয় সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে আহবায়ক করে সমন্বয় উপকমিটি গঠন করা হয়। তিনি আরো জানান এ প্রেক্ষিতে ইতোমধ্যে ২৫টি মন্ত্রণালয় হতে কর্মসূচি এ মন্ত্রণালয়ে প্রেরিত হয়েছে। ইতোমধ্যে এ কমিটির একটি সভা হয়েছে। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রত্যেকটি মন্ত্রণালয়কে তাদের কর্মসূচি প্রেরণের জন্য তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে এ বিষয়ে অগ্রগতি জানানোর অনুরোধ করা হয়। মাননীয় মন্ত্রী মহোদয় জানান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনার আলোকে যে সমন্বয় উপকমিটি গঠিত হয়েছে সে উপকমিটি কর্তৃক ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সাথে সভা করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ২৫টি মন্ত্রণালয় হতে কর্মসূচি পাওয়া গেছে। তিনি সভাকে অবহিত করেন যে, তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। পাশাপাশি তিনি স্বাধীনতা সড়ক সম্পর্কে জানান যে, কাজটি প্রায় শেষ হয়ে গেছে আগামী ২৫ মার্চ, ২০২১ তারিখ পূর্ণাঙ্গ কাজ শেষ হবে। তিনি জানান, প্রাপ্ত কর্মসূচি বাছাই এর জন্য প্রথম সভায় অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ এর নেতৃত্বে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। ইতোমধ্যে এই ওয়ার্কিং গ্রুপ একটি সভা করে এ বিষয়ে কিছু চিন্তা-ভাবনা করেছেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জানান, এ ওয়ার্কিং গ্রুপ করে দেয়ার কারণে কোন কাজ এখন পেন্ডিং নেই।

২.৪. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জনাব তপন কান্তি ঘোষ অবহিত করেন যে, সুবর্ণজয়ন্তীর কর্মসূচির হলো ৫০টি জাতীয় পতাকা নিয়ে একটি সুবর্ণজয়ন্তী র‍্যালী ৬৪টি জেলা প্রদক্ষিণ করবে। ২৬ মার্চ ঢাকা জেলা প্রশাসক কর্তৃক সুবর্ণজয়ন্তীর এই র‍্যালী শুরু হতে পারে এবং সকল জেলায় প্রদক্ষিণ করে ১৬ই ডিসেম্বর ঢাকায় ফিরে আসবে। তিনি সভাকে জানান যে এ বিষয়ে একটি রুট প্ল্যান করা হয়েছে এবং সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারদের উপস্থিতিতে এ বিষয়ে ইতোমধ্যে একটি জুম মিটিং করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, সকল জেলা প্রশাসককে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হবে। এই র‍্যালীর মূল উদ্দেশ্য হলো যে, সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের ৫০টি জাতীয় পতাকা ৫টি ট্রাকে করে বীর মুক্তিযোদ্ধাগণ এক জেলা থেকে অন্য জেলায় যাবে। যে জেলায় উপস্থিত হবে সে জেলার মুক্তিযোদ্ধা এবং অন্যান্যদের নিয়ে সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান হবে। এক জেলায় মুক্তিযোদ্ধাগণ দুই/তিন দিন থাকার পর পরবর্তীতে অন্য জেলায় যাবেন এবং ১৬ই ডিসেম্বর ঢাকায় ফিরে আসবেন। সচিব মহোদয় আর একটি বিষয় সভাকে অবহিত করেন যে, জাতীর পিতার জন্মবার্ষিকী বাস্তবায়নের অংশ হিসেবে টেলিভিশনের চ্যানেলগুলোতে 'বঙ্গবন্ধু প্রতিদিন' নামে দুই মিনিটের একটি অনুষ্ঠান প্রচার হয়।

অপর পৃষ্ঠা-৩ সদয় দ্রষ্টব্য

-২২৯-

পূর্ব পৃষ্ঠা পর-

একই প্রতিষ্ঠান 'ম্যাজিক মোমেন্ট' থেকে 'মুক্তিযুদ্ধ প্রতিদিন' নামের একটি প্রস্তাব পাওয়া গেছে। যা আগামী ২৫ মার্চ থেকে শুরু করে ২০২২ সালের ২৪ মার্চ পর্যন্ত প্রতিদিন মুক্তিযুদ্ধের ঘটনাক্রম নিয়ে টাইম লাইন স্টোরি নির্মাণ করতে চাইছে। যা প্রত্যেকটি চ্যানেলে ৫-৬ বার প্রচারিত হবে। সচিব মহোদয় জানান, এ অনুষ্ঠানের মাধ্যমে জাতির সামনে অনেক অজানা বিষয় উন্মোচন হবে তাতে দেশের জনসাধারণ মুক্তিযুদ্ধকে নতুনভাবে জানার সুযোগ পাবে। 'মুক্তিযুদ্ধ প্রতিদিন' টাইম লাইন স্টোরি নির্মাণ করতে পর্বপ্রতি ব্যয় ভ্যাট বিহীন ৫০ হাজার টাকা আর ভ্যাটসহ প্রতিদিন ৭৫ হাজার টাকা ব্যয় হতে পারে। এ প্রস্তাবে প্রাথমিকভাবে এ কমিটি একমত হলে অনুষ্ঠানটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে সংস্কৃতি প্রতিমন্ত্রী মহোদয় উদ্যোগটি ভাল মর্মে সভাকে অবহিত করেন।

২.৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মাননীয় প্রতিমন্ত্রী, জনাব জুনাইদ আহমেদ পলক জানান, 'বঙ্গবন্ধু প্রতিদিন' ইলেক্ট্রনিক্স এবং ট্রেডিশনাল মিডিয়াতে প্রচার করছি সাথে সাথে আইসিটি ডিভিশন, সোস্যাল মিডিয়া, ইউটিউব এবং ফেসবুক সবগুলো মিডিয়াতে প্রচার করা হচ্ছে। একই রকমভাবে 'মুক্তিযুদ্ধ প্রতিদিন' যখন কনটেন্টটা তৈরী হবে যেন একই সাথে শেয়ার করা হয় সেই নিবেদন জানান। ফলে যে একান্ন হাজার ওয়েবসাইট এবং যতোগুলো সোস্যাল মিডিয়া, ইউটিউব, ইউমিডিয়া প্লাটফর্ম, ডিজিটাল প্লাটফর্ম সবগুলোতে এক সাথে প্রচার করলে দেশে এবং বিদেশে কোটি কোটি মানুষের কাছে তুলে ধরা যাবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও তিনি ওয়েবসাইট এর বিষয়ে জানান যে, ওয়েবসাইট তৈরী বিষয়ে একটি উন্মুক্ত দরপত্র আহবান করা হয়েছিল। সেখানে সকল তথ্য, উপাত্ত, প্রস্তাব যাচাই-বাছাই শেষে প্রতিযোগিতামূলকভাবে একটি কোম্পানীকে বাছাই করে আজকে অনুমোদন দিয়ে দিয়েছি। শীঘ্রই কার্যাদেশ দিয়ে দেয়া হবে। আগামী সপ্তাহে ডেমো প্রেজেন্টেশনটা দেখা হবে এবং আগামী ২৬ তারিখের আগেই এটি তৈরী হয়ে যাবে। এখন শুধু প্রয়োজন কনটেন্ট ভেরিফিকেশনের অথেন্টিকেশন কমিটি সেক্ষেত্রে টেকনিক্যাল সাপোর্ট অর্থাৎ mujib100.gov.bd যেভাবে পরিচালনা করা হয়েছে একইভাবে mujib50.gov.bd একইরকমভাবে তৈরী করবো। তিনি একটা শক্তিশালী কমিটির মাধ্যমে কনটেন্টগুলো পাঠানোর অনুরোধ জানান।

৩.০. <u>সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

৩.১. "থিমসং" উপকমিটি কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত ০৩টি "থিমসং" মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে;
**বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।**

৩.২. স্বাস্থ্যবিধি মেনে সুবর্ণজয়ন্তীর র‍্যালী সকল জেলায় পরিভ্রমণের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা দিতে হবে;
**বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।**

৩.৩. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ওয়েবসাইটে কনটেন্ট আপলোড করার জন্য যত দ্রুত সম্ভব কনটেন্ট পাঠাতে হবে;
**বাস্তবায়নেঃ "কনটেন্ট প্রস্তুত" সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ**

৩.৪. 'মুক্তিযুদ্ধ প্রতিদিন' প্রচারের বিষয়ে ম্যাজিক মোমেন্ট এর প্রস্তাব বিবেচনা করা যেতে পারে;
**বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

৩.৫. মুজিবনগরের স্বাধীনতা সড়কের কাজ ২৬ মার্চের আগে শেষ করতে হবে।

**বাস্তবায়নেঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।**

অপর পৃষ্ঠা-৪ সদয় দ্রষ্টব্য

- 225 -



পূর্ব পৃষ্ঠা পর-

৪.০. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত ও ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকল সদস্যকে ধন্যবাদ জানান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের প্রণীত কর্মসূচী বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১৮/০৩/২০২১
**(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)**
**মন্ত্রী**
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।**

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০- ১১৬

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, সেনানিবাস, ঢাকা।
১৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৯। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২০। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

অপর পৃষ্ঠা-৫ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

২৪। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৫। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৬। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৭। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৮। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৯। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩০। মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স, ঢাকা।
৩১। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা।
৩২। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা(এনএসআই), ঢাকা ।
৩৩। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
৩৪। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
৩৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।
৩৬। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা ।
৩৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা/বিএনসিসি, উত্তরা, ঢাকা ।
৩৮। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ (এসবি), মালিবাগ, ঢাকা।
৩৯। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, ডিটেক্টিভ ব্রাঞ্চ (ডিবি), মালিবাগ, ঢাকা।
৪০। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি), মালিবাগ, ঢাকা।
৪১। জনাব লিয়াকত আলী লাকী, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৪২। জনাব মফিদুল হক, ট্রাষ্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
৪৩। ড. আব্দুল মান্নান, পিএএ, প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৪৫। পরিচালক, চারুকলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪৬। জেলা প্রশাসক (সকল)।

২১/০৩/২১

(দেবাশীষ নাগ)
উপসচিব(প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০- ১১৬

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর অবগতির জন্য)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৩। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

২১/০৩/২১

(দেবাশীষ নাগ)
উপসচিব(প্রশাসন-১)